তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তি গ্রহণ করতে হবে এবং অনাপত্তির মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে অবশ্যই প্রদর্শন করতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকার এবং কমিশনের বিদ্যমান ও পরিবর্তিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে। ক্রমিক নং ০১-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষা ফি হিসেবে ৩০০/- টাকা, ক্রমিক নং ০২-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১০০/- টাকা এবং ক্রমিক নং ০৩-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ৫০/- টাকা আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি অনুসরণ করে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে। **আবেদন পূরণ সংক্রান্ত তথ্যাবলিঃ** আগ্রহী প্রার্থীকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://acc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে Online-এ আবেদন পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ Online-এ আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়ঃ ০১ জুন ২০২২ সকাল ১০:০০ টা। Online-এ আবেদন ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৫ জুন ২০২২ সন্ধ্যা ৬:০০ টা। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে। স্বাক্ষরিত/- মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্রঃ ১৩/০৫/২০২২ ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস পৃষ্ঠা-১৯

বাংলাদেশ ব্যাংকে চাকরি

প্রথম পাতার পর

স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/কাউন্সিলর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। স্বাক্ষরিত/- (মোঃ গোলাম মোস্তফা), মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১ (রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং), প্রধান কার্যালয় মতিঝিল, ঢাকা।

সূত্রঃ ১৩/০৫/২০২২ ডেইলি অবজারভার পৃষ্ঠা-১১

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন

প্রথম পাতার পর

কিন্তু প্রার্থী যদি এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নন, তাহলে তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন। **অপসারণ আদেশ/ইস্তফাপত্র/ অনাপত্তিপত্র/ছাড়পত্র ঃ** সরকারি অফিস বা স্থানীয় কর্তৃপক্ষ অর্থাৎ সংবিধিবদ্ধ সংস্থা, স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষের/যথাযথ কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরযুক্ত অনাপত্তিপত্র ও চাকুরি হতে অপসারিত (Removed) হয়েছেন অথবা চাকুরি হতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীদের চাকুরি হতে অপসারণের আদেশ বা ইস্তফাপত্র নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার আদেশ সংগ্রহ করতে হবে। **পরীক্ষার ধরন ও পাস নম্বর ঃ** প্রাথমিক পরীক্ষাসকল প্রার্থীকে ১০০ নম্বরের MCQ (Multiple Choice Question) পদ্ধতিতে প্রাথমিক পরীক্ষায় (Preliminary Examination) অবতীর্ণ হতে হবে। উক্ত পরীক্ষায় মোট ১০০ টি MCQ থাকবে। প্রতিটি MCQ এর মান হবে ১ (এক) নম্বর। তবে প্রতিটি MCQ এর ভুল উত্তরের জন্যে ০.২৫ নম্বর কর্তন করা হবে। সকল প্রার্থীকেই লিখিত পরীক্ষায় অংশগ্রহণের প্রাক যোগ্যতা হিসাবে প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রাথমিক পরীক্ষায় ন্যূনতম পাস নম্বর ৫০। প্রাথমিক পরীক্ষায় সাধারণ বাংলা, সাধারণ ইংরেজি, বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ, সাধারণ গণিত, দৈনন্দিন বিজ্ঞান, বুদ্ধিমত্তা এবং আইন বিষয়সমূহের উপর প্রশ্ন করা হবে। প্রাথমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর কোনো প্রার্থীর লিখিত বা মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করা হবে না। এ পরীক্ষা সম্পর্কিত বিস্তারিত তথ্য কমিশনের ওয়েব সাইটে প্রকাশিত "তথ্য , নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার প্রথম অধ্যায়ের ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত আছে। **লিখিত পরীক্ষা ঃ** ১৫শ বিজেএস পরীক্ষা, ২০২২ এ ১০০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে সকল পরীক্ষার্থী প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হবেন শুধু তারাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। গড়ে ৫০% নম্বর পেলে একজন পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন বলে গণ্য হবেন। কোনো পরীক্ষার্থী কোনো বিষয়ে ৩০ নম্বরের কম পেলে তিনি লিখিত পরীক্ষায় অকৃতকার্য বলে গণ্য হবেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য কমিশনের ওয়েব সাইটে প্রকাশিত "তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার প্রথম অধ্যায়ের ১৪-১৭ নং অনুচ্ছেদে বর্ণিত আছে। মৌখিক পরীক্ষালিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার পাস নম্বর ৫০। এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা "তথ্য , নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস" নামীয় পুস্তিকার ১৯ নং অনুচ্ছেদে বর্ণিত আছে। বি. দ্র.: শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ পাবেন। বিজেএস পরীক্ষা একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা বিধায় ন্যূনতম পাস নম্বর প্রাপ্তি কমিশন কর্তৃক সুপারিশের নিশ্চয়তা প্রদান করে না। **পরীক্ষার সময়সূচি** : প্রাথমিক, লিখিত ও মৌখিক পরীক্ষার কেন্দ্র এবং সময়সূচি কমিশনের ওয়েবসাইটসহ বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি মারফত জানানো হবে। **১৫শ বিজেএস পরীক্ষা, ২০২২ এর আবেদনপত্র ঃ** প্রার্থীকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ওয়েবসাইট www.bjsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত BJSC Form ও পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। **পরীক্ষার ফি প্রদান ঃ** পরীক্ষার ফি প্রদানের শুরুর তারিখ ও সময় ঃ ১৮/০৫/২০২২ খ্রিস্টাব্দ তারিখ মধ্যাহ্ন-১২.০০ ঘটিকা। পরীক্ষার ফি প্রদানের শেষ তারিখ ও সময় : ১৪/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখ রাত-১১.৫৯ ঘটিকা। নির্ধারিত সময়ের পর পরীক্ষার ফি জমা দেওয়া যাবে না। সফলভাবে আবেদনটি জমা হওয়ার পর টেলিটক ফোন নম্বর ব্যবহার করে নিবন্ধন ফি ১২০০/- টাকা জমা দিতে পারবেন। পেমেন্ট করার জন্য নিচের পদক্ষেপগুলি অনুসরণ করুনঃ প্রথম মেসেজ আবেদনকারী ও আপনার মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন BJSC স্পেস User ID (Example: BJSC 220293) পাঠিয়ে দিন ১৬২২২ নম্বরে। **টেলিটক ঃ** টেলিটক মেসেজের মাধ্যমে আপনাকে নাম, পদবী ও পিন জানাবে। **দ্বিতীয় মেসেজ আবেদনকারী ঃ** আপনার মোবাইল ফোন মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন BJSC স্পেস ইয়েস স্পেস পিন (Example: BJSC YES 52364847) পাঠিয়ে দিন ১৬২২২ নম্বরে টেলিটক ঃ লেনদেনটি সম্পন্ন হয়েছে মর্মে আপনার আবেদনপত্রে প্রদত্ত ই-মেইল, মোবাইল ও টেলিটক ফোন নম্বরে জানাবে। প্রবেশপত্র ও আবেদনকারী User ID ব্যবহার করে ১৯ জুন, ২০২২ খ্রিঃ তারিখ মধ্যাহ্ন ১২.০০ ঘটিকা হতে কমিশনের ওয়েব সাইট www.bjsc.gov.bd এর E-Application থেকে প্রবেশপত্রের প্রিন্ট নিতে পারবেন। **ডিক্লারেশন ও আবেদনপত্র বাতিল প্রসঙ্গ ঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BJSC Form I) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত ফৌজদারী আইনে ব্যবস্থা গ্রহণ করা যাবে। **বিশেষ নির্দেশনাঃ** ১৫শ বিজেএস পরীক্ষার প্রার্থীদের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১২ জুন, ২০২২ খ্রিস্টাব্দ রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা আছে। ১৫শ বিজেএস পরীক্ষা সংক্রান্ত এই বিজ্ঞপ্তি সহ পরবর্তী সকল বিজ্ঞপ্তি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ওয়েব সাইট (www.bjsc.gov.bd)-এ দেখা যাবে। স্বাক্ষরিত (শরীফ এ এম রেজা জাকের), পরীক্ষা নিয়ন্ত্রক (জেলা ও দায়রা জজ), বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

সূত্রঃ ১৩/০৫/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৯

জেলা প্রশাসক নীলফামারী

প্রথম পাতার পর

কর্তৃক সত্যায়িত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র আবেদনে সংযুক্ত করতে হবে। (ঘ) যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, নীলফামারীর অনুকূলে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। (ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/- টাকার ডাক টিকেট লাগানো একটি ১০.৫ x ৪.৫ সাইজের খাম সংযুক্ত করতে হবে। (চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনার কপি নীলফামারী জেলা ওয়েব সাইট www.nilphamari.gov.bd হতে ডাউনলোড করে ছবি সংযুক্তির স্থানে এক কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করে প্রার্থীর নাম ও ঠিকানার কলাম পূরণ করে ০২ কপি প্রবেশপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ কপি নাগরিকত্ব সনদ। শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদ। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ। জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ। সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ। মুক্তিযোদ্ধার কোটা সহ প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে স্ব স্ব কর্তৃপক্ষ কর্তৃকপ্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রার্থীর বয়স ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতী/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্র আগামী ৩১/০৫/২০২২ খ্রি. তারিখ বিকাল ৫.০০টার মধ্যে ডাকযোগে এ অফিসে পৌঁছাতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে। চাকরিরত প্রার্থীদের বয়সসীমা আগামী ২৬/০৫/২০২২. খ্রি. তারিখ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতী/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোটা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুসরন করা হবে। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। স্বাক্ষরিত/- খন্দকার ইয়াসির আরেফীন, জেলা প্রশাসক, নীলফামারী। ফোন-০৫৫১-৬১৩২৯ E-mail: dcnilphamari@mopa.gov.bd

সূত্রঃ ১২/০৫/২০২২ যুগান্তর পৃষ্ঠা-০৮

সুন্দরবন সুরক্ষা প্রকল্প

প্রথম পৃষ্ঠার পর

নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ঃ ১১/০৪/২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ -৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ১৮ -৩২ বছর পর্যন্ত হতে হবে। চাকরির আবেদন ফরম www.forest.khulnadiv.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণকরতঃ বন সংরক্ষক, খুলনা অঞ্চল, বন ভবন, বয়রা, খুলনার ঠিকানায় আগামী ২৬/০৫/২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। প্রার্থীদের বন অধিদপ্তরের প্রচলিত নিয়োগ বিধিমালা অনুযায়ী লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায় ও www.forest.khulnadiv.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। একজন প্রার্থী যে কোন একটি পদের জন্য আবেদন করতে পারবেন। ক্রমিক নং ১ পদের প্রার্থীকে ৩০০/ - টাকা এবং অন্যান্য পদের প্রার্থীকে ১০০/ - টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে - অর্ডার বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা এর অনুকূলে জমা প্রদান করতঃ তার মূল কপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে। নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করে দিতে হবেঃ (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (গ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি। (চ) পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র। (ছ) আবেদনপত্রের সাথে ১০/ - মূল্যের ডাক টিকিট সহ নিজ ঠিকানা সম্বলিত ১০ x ৪ ইঞ্চি সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে। (জ) সরকার নির্ধারিত বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও ভিডিপি সদস্য) খামের উপর অবশ্যই স্পষ্টভাবে প্রার্থীর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে। (নির্মল কুমার পাল), সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি ও বিভাগীয় বন কর্মকর্তা ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা। ইমেইলঃ paulnirmalbgd@hotmail.com

সূত্রঃ ১২/০৫/২০২২ জনকণ্ঠ পৃষ্ঠা-০৩

গাইবান্ধা পৌরসভা

প্রথম পৃষ্ঠার পর

রোড রোলার চালক ৯৩০০-২২৪৯০/-	০১ জন	১০ম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী এবং ২ বৎসরের অভিজ্ঞতা।
ট্রাক/ট্রাক্টর চালক ৯৩০০-২২৪৯০/-	০১ জন	১০ম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী এবং ২ বৎসরের অভিজ্ঞতা।
৫. স্বাস্থ্য পরিবার পরিকল্পনার শাখা		
টিকাদানকারী (মহিলা) ৯০০০-২১৮০০/-	০১ জন	এসএসসি পাস। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার।
টিকাদানকারী (পুরুষ) ৯০০০-২১৮০০/-	০১ জন	এসএসসি পাস। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার।

শর্তাবলী : আগ্রহী প্রার্থীকে মেয়র, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা বরাবর আগামী ২৬/০৫/২০২২ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০ টা) ডাকযোগে আবেদন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহন করা হবে না। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সঙ্গে প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০ টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম ৯.৫ x ৪.৫ ইঞ্চি সাইজের দিতে হবে। আবেদনে পদের নাম, বিজ্ঞপ্তি নম্বর, তারিখ, প্রার্থীর নাম বাংলায়, ইংরেজিতে (বড় অক্ষরে), জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর (যে কোন একটি), জন্ম তারিখ (দিন-মাস-বৎসর), জন্মস্থান (জেলা), বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স (দিন -মাস-বৎসর), পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), ঠিকানা -বর্তমান ও স্থায়ী (বাসা ও সড়ক, নাম/নম্বর, গ্রামপাড়া মহল্লা, ইউনিয়ন/ওয়ার্ড, ডাকঘর, পোস্টকোড নম্বর, উপজেলা, জেলা), যোগাযোগ (মোবাইল/টেলিফোন নম্বর, ই-মেইল, যদি থাকে), জাতীয়তা, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, ধর্ম, পেশা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিষয়, শিক্ষা প্রতিষ্ঠান, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়, গ্রেড/শ্রেণীবিভাগ), অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), কোটা (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম/শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, অন্যান্য), বিভাগীয় প্রার্থী কিনা উল্লেখ পূর্বক। এই লিখিত হলফ নামাযুক্ত তারিখ ও প্রার্থীর স্বাক্ষরসহ মেয়র, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা বরাবরে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদের ফটোকপি, অভিজ্ঞতার (যদি থাকে) সনদের ফটোকপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং মেয়র, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা বরাবর ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে। আবেদনকারীর বয়স ০৭/০৩/২০২২ ইং তারিখের মধ্যে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র - কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সকল ক্ষেত্রে সত্যায়নকারী প্রথম শ্রেণীর কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীল ব্যবহার করতে হবে। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেস্ট অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং গাইবান্ধা পৌরসভার ওয়েবসাইট (www.gaibandhapourashava.gov.bd) পাওয়া যাবে। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। স্বাক্ষরিত/- (মোঃ মতলুবর রহমান), মেয়র ও সভাপতি, জনবল নিয়োগের বাছাই কমিটি, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা। সূত্রঃ ১২/০৫/২০২২ ইত্তেফাক পৃষ্ঠা-০৩

ট্রেড ইন্টারন্যাশনাল ইন্ডাস্ট্রিজ

নং, পদের নাম, বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতা
ফায়ার সুপারভাইজার	এইচএসসি/ ডিপ্লোমা/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ফায়ার সার্ভিস সেক্টরে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চতা: ৫ ফুট ৬ ইঞ্চি। বয়স: ৪০ বছর।
ফায়ার ম্যান	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ফায়ার সার্ভিস সেক্টরে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চতা : ৫ ফুট ৪ ইঞ্চি হতে হবে। বয়স ২০ -৩৫ বছর।
লিফট ম্যান	এসএসসি। ৬ মাস মেয়াদী মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশ-সহ লিফট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে ৩ বছরের অভিজ্ঞতা। উচ্চতা: ৫ ফুট ৪ ইঞ্চি। বয়স : ২০-৩৫ বছর।

আকর্ষণীয় বেতন এবং প্রকল্পের ভিতরে থাকার সুব্যবস্থা আছে। আগ্রহী প্রার্থীগণ পূর্ণ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতা সনদ, সশস্ত্রবাহিনী হতে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে পেনশন বই, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন, কমিশনার/ চেয়ারম্যান সার্টিফিকেট, সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় ২৯ মে ২০২২ ইং তারিখের মধ্যে আবেদনপত্র পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে। ট্রেড ইন্টারন্যাশনাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, মানব সম্পদ বিভাগ, নুর হেভিস্ট্রেইট (লেভেল-৭), প্লট নম্বর-৩৩, গুলশান-১ চত্বর, ঢাকা-১২১২।

সূত্রঃ ১৬/০৫/২০২২ প্রথম আলো পৃষ্ঠা-০৬

শরীফ মেলামাইন ইন্ডাস্ট্রিজ

নং, পদের নাম, বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতা
নিরাপত্তা কর্মী	অষ্টম শ্রেণী/এসএসসি বা সমমানের পাশ। উচ্চতাঃ ৫ ফুট ৫ ইঞ্চি এবং সু-স্বাস্থ্যের অধিকারী। ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪৫ বছর।
লিফট অপারেটর	এসএসসি/এইচএসসি পাশ। লিফট অপারেটর হিসাবে ২-৩ বছরেরঅভিজ্ঞতা থাকতে হবে। । বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর।

আগ্রহী প্রার্থীগণকে ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং ফোন নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, অভিজ্ঞতা ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সহ স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২৫শে মে, ২০২২ইং তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় কেবলমাত্র ডাক বা কুরিয়ার সার্ভিস যোগে অথবা নিম্নোক্ত ই-মেইলে পাঠাতে হবে। শরীফ মেলামাইন ইন্ডাস্ট্রিজ (প্রাঃ) লিমিটেড, লিয়াজোঁ অফিসঃ বাড়ি-১৫/সি, রোড-১৫ (নতুন) ৩৩ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯। ই-মেইলঃ info@sharifmelamine.com

সূত্রঃ ১২/০৫/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৭

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

শেষ পৃষ্ঠার পর

ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/= টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি, সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের নিকট থেকে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি,জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (নাম ও পদবী সম্বলিত সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই। অত্র সমিতির কর্মচারী (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী (গণ) -এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা পরিচালক (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) একই সমিতিতে কোনো (নতুন বা পদোন্নতির মাধ্যমে) নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে। (মো) আবুল হাসান), জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।

সূত্রঃ ১২/০৫/২০২২ সমকাল পৃষ্ঠা-০২

যমুনা ব্যাংকে চাকরি

JAMUNA BANK

শেষ পৃষ্ঠার পর

Credit/ Foreign Trade Officers (FEO/EO/ SEO/FAVP)	Master's in any discipline from a reputed university at home/abroad and having no 3rd division/class in academic career. 5 years of experience in any reputed commercial Bank in Credit, Foreign Trade and overall banking with proven track record. Age : 42 years.
Audit/ Monitoring/ Compliance Officers (FEO/EO/SEO)	Master's in any discipline from a reputed university at home/abroad and having no 3rd division/class in academic career. Banking experiences in relevant Field for 6-8 years are preferred. Age : 40 years.
Money Laundering Compliance Officers (EO//SEO /FAVP)	Master's in any discipline from a reputed university at home/abroad and having no 3rd division/class in academic career. 5 years of experience in related field in any reputed commercial Bank. Candidate having ACAMS professional degree will be given preference. Age : 45 years

Application Process: Eligible & interested candidates are requested to apply online along with a recent scanned photograph to https://jamunabankbd.com /career by May 25, 2022. Please note only shortlisted candidates will be contacted for further discussion. No direct application will be accepted.

সূত্রঃ ১৭/০৫/২০২২ ডেইলি স্টার পৃষ্ঠা-১৪

জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

শেষ পৃষ্ঠার পর

সকল পদের প্রার্থীদেরকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণিবিভাগ অথবা সমমানের জিপিএ থাকতে হবে। অন্যান্য সুবিধা সরকারি নিয়মে চিকিৎসা ও বাড়িভাড়া ভাতা, প্রতিষ্ঠানের বিধি মোতাবেক উৎসাহ ভাতা, ১০% কন্ট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ড (চাকরি স্থায়ী হওয়া সাপেক্ষে), অর্টটাইম ভাতা, যাতায়াত ভাতা, গ্র্যাচুইটি ও প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত পোশাক প্রদান করা হবে। প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাসা বরাদ্দ দেয়া হবে। আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ আবেদনপত্র আগামী ২২ মে ২০২২ তারিখের মধ্যে ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে অধ্যক্ষ, জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ বরাবর পাঠাতে হবে। আবেদনপত্রে মোবাইলফোন নম্বর ও খামের ওপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ৫অধ্যক্ষ, জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ-এর অনুকূলে যেকোনো তফসিলি ব্যাংকের শাখা হতে ক্রমিক নং (১-৪) প্রার্থীদের জন্য ৫০০/- টাকা এবং ক্রমিক নং (৫-৮) এ বর্ণিত প্রার্থীদের জন্য ৩০০/- টাকার MICR পে অর্ডার / ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অথবা দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড জালালাবাদ সেনানিবাস শাখা জেসিপিএসসি ফান্ড হিসাব নম্বর ০০১১০৩২০০০০০৮১ এর অনুকূলে জমা করতঃ জমাদীপ আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। ক্রমিক নং ১ এবং ৩ থেকে ৮ এর লিখিত পরীক্ষা আগামী ২৮ মে ২০১২ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় এবং শুধুমাত্র ক্রমিক নং ২ এর লিখিত পরীক্ষা আগামী ২৮ মে শনিবার ২০২২ তারিখে দুপুর ২:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। অধ্যক্ষ, জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, জালালাবাদ সেনানিবাস, ফোন নম্বর : ০২৯৯৬৬৪২৭১৭ সামরিকঃ ৯১৮-৩১৭০।

সূত্রঃ ১২/০৫/২০২২ ইত্তেফাক পৃষ্ঠা-০৫

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

শেষ পৃষ্ঠার পর

বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদপত্র। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ** পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://latc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৯/০৫/২০২২ খ্রিঃ, সকাল ১০:০০ টা। Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০২/০৬/২০২২ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান** ঃ Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ টি SMS করে পরীক্ষার ফি বাবদ Teletalk চার্জসহ ক্রমিকের পদবীর আবেদনের জন্য মোট ১১২/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: latc<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: latc<space> Yes <space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি ttp://latc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। স্বাক্ষরিত/- (সুলতানা রাজিয়া), উপপরিচালক (প্রশাসন ও অর্থ), ভূমি প্রশাসন প্রশিণ কেন্দ্র, ঢাকা।

সূত্রঃ ১৮/০৫/২০২২ যুগান্তর পৃষ্ঠা-১৬

বাংলাদেশ মৎস্য অধিদপ্তর

পদ সংখ্যা ০৫ জন

Memo: 33.02.0000.924.37.002.22-15 Date: 17/05/2022

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
1. Letter of Agreement (LOA) Member 30000/-	০২ জন	Masters in Fisheries/Marine Fisheries/ Environmental Science: Field oriented experience in safer fish processing specially fish drying technology development and/or demonstration, Excellent oral. Candidates having at least 3 year's job experiences with any university in relevant discipline.
2. Data Analyst 40,000/-	০১ জন	Masters in Fisheries/ Statistics/ Accounting/ Commerce/ Business studies: 02 years of relevant practical experience with any foreign aided project or international development organization.
3. Field Researcher 25000/-	০২ জন	Bachelor degree in Fisheries/ Marine Fisheries/Environmental Science/ Zoology: 01 year experiences of LoA or similar activities with any foreign aided project or international organization.

Terms and Conditions: Applicants must write the name of the post, fathers name, mothers name, date of birth, permanent & present address with mobile number, nationality, educational qualifications & experiences. Application format is available in the Department of Fisheries website (www.fisheries.gov.bd). Applicant's age on the last date of application submission should not exceed 45 years. Applications with copy of National ID card, educational qualifications, experience, training & other certificate should be reached to the Focal Point. Pesticide Risk Reduction in Bangladesh Project (DoF Component). Department of Fisheries. Matshya Bhaban. Room No. 606, Dhaka-1000 during office hour (9.00 am to 5.00 pm) on or before 05 June, 2022. erforming his duty for LOA period or specified man-months which comes earlier. The Authority reserve the right to cancel the circulation and no explanation for such action will be provided to the applicants. The Authority reserve the right to accept or reject any or all applications without showing any reasons. Only short-listed candidates will be called for the next step of the selection process. No TA/DA will be provided for attending interview. (Dr. Mohammad Maqueshudul Haque Bhuiyan) Focal Point (A.C.) E-mail: maqueshudul_bau@yahoo.com

সূত্রঃ ১৮/০৫/২০২২ যুগান্তর পৃষ্ঠা-১২

টিএমএসএস-এ চাকরি

শেষ পৃষ্ঠার পর

অফিস, রোড নং-০৩, বাসা নং-২৩৩, পদ্মা আবাসিক এলাকা, চন্দ্রিমা, রাজশাহী অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে। যে সকল প্রার্থী রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস রংপুর ডোমেইন অফিস, আর. কে রোড, খামারপাড়া, দর্শনা, রংপুর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে। যে সকল প্রার্থীগণ চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, ফেনী ও নোয়াখালী জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস চট্টগ্রাম ডোমেইন অফিস, ৫৪৯ ডি টি রোড, আতুল আলী হাট, অলংকার মোড়, পাহাড়তলী, চট্টগ্রাম অত্র ঠিকনায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে। যে সকল প্রার্থীগণ খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ ও চুয়াডাঙ্গা জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস যশোর ডোমেইন অফিস, তাবলীগ মসজিদের গলি, ই-ব্লক, সেক্টর #৭, বাসা#৯/৪, নিউ মার্কেট উপশহর, যশোর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণজমাদান করতে হবে। যে সকল প্রার্থী সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ ও বি-বাড়িয়া জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস সিলেট ডোমেইন অফিস, শুভেচ্ছা কমিউনিটি সেন্টার সংলগ্ন, বদিকোনা (চন্ডিপুল), দক্ষিণ সুরমা, সিলেট অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে। যে সকল প্রার্থীগণ বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা, মাদারীপুর, ফরিদপুর ও শরিয়তপুর জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস বরিশাল ডোমেইন অফিস, রাংধনু রাজকুমার, ঘোষ লেন, সিএন্ডবি রোড, চৌমাথা লেকের উত্তর পার্শে), বরিশাল সদর, বরিশাল অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে। ০ যে সকল প্রার্থী দিনাজপুর, নীলফামারী, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস দিনাজপুর ডোমেইন অফিস, নিমনগর, বালুবাড়ী নাজমা কিন্ডার গার্ডেন স্কুলের পার্শে), দিনাজপুর সদর, দিনাজপুর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান। করতে হবে। যে সকল প্রার্থীগণ কুমিল্লা, চাঁদপুর ও লক্ষীপুর জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস কুমিল্লা ডোমেইন অফিস, কচুয়া চৌমুহনী, আহম্মদ সদর, সদর দক্ষিণ, কুমিল্লা অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/ জমাদান করতে হবে। যে সকল প্রার্থী পাবনা, নাটোর জেলা ও রাজশাহীর পুঠিয়া উপজেলা) জেলায় কাজ করতে ইচ্ছুক তাদেরকে টিএমএসএস নাটোর ডোমেইন অফিস, টিএমএসএস ভবন, বড় হরিশপুর মোড় নতুন বাসস্ট্যান্ড সংলগ্ন, নাটোর অত্র ঠিকানায় আবেদনপত্র প্রেরণ/জমাদান করতে হবে। নির্বাচনী পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য ২০০/- টাকার মানি রশিদ/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। নির্বাচনী পরীক্ষার ফি প্রদানের প্রক্রিয়া নিম্নরূপঃ সংস্থার যে কোন শাখা, অঞ্চল, জোন, ডোমেইন অফিস, ফাউন্ডেশন অফিস ও প্রধান কার্যালয় হতে ১০/- টাকা সার্ভিস চার্জ দিয়ে পরীক্ষার ফি বাবদ মানি রশিদ সংগ্রহ করতে হবে। অথবা যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে শুধুমাত্র টিএমএসএস" শিরোনামে পে-অর্ডার করতে হবে, অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে। টিএমএসএস নিজস্ব অফিস ব্যতীত অন্য কোন মাধ্যম (বিকাশ, রকেট ও নগদ ইত্যাদি) আর্থিক লেনদেন করেনা। নিয়োগ প্রত্যাশী প্রার্থী থেকে কোন প্রতারক চক্র টাকা দাবী করলে না দেওয়ার জন্য সংস্থা থেকে অনুরোধ করা হল। সংস্থার বিধি অনুসারে ০৩টি উৎসব ভাতা, সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সিটি ভাতা, জীবন বীমাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে। নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে SMS/মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে এবং নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। পরিচালক, (এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন) ফোন: ০৫১-৬৫৭১৯, ০২-৫৮৯১০৪৮৭৭ web: www.tmss-bd.org

সূত্রঃ ১৭/০৫/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৯

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পদ সংখ্যা ০২ জন

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৩.২২-৫২৩ তারিখ-১৬/০৫/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. মেডিক্যাল অফিসার ২২০০০-৫৩০৬০/-	০১ জন	এমবিবিএস। ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নয়। বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত চিকিৎসক হিসাবে নিবন্ধন সনদ।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.১১.০২৬.২১-৫২৪ তারিখ-১৬/০৫/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
২. ক্যামেরাম্যান/ ফটোগ্রাফার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	স্বীকৃত প্রতিষ্ঠান হতে ফটোগ্রাফিতে ডিপ্লোমা।

উপরোক্ত পদে নিয়োগের ক্ষেত্রে সময় সময় বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জনবল নিয়োগ সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করা হবে। আবেদন দাখিলের শেষ তারিখ ১৫-০৬-২০২২ খ্রি. বুধবার (বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত)। আগ্রহী প্রার্থীদের কেবল মাত্র অনলাইনে আবেদন ফরম পূরণ এবং দাখিল করতে হবে। অনলাইনের মাধ্যমেই পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য (সার্ভিস চার্জ কর্তনের পর) নীট ১নং পদে ১০০০/- এবং ২নং পদে ৬০০/- টাকা পেমেন্ট করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র Online Recruitment Portal (orms.bwdb.gov.bd/orms) এ login করে Registration করতঃ আবেদন দাখিল করতে হবে এবং Payment সম্পন্ন করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলি উক্ত Portal-পাওয়া যাবে। বয়সসীমা ঃ ০১-০৫-২০২২ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আই বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা নির্ধারণ হবে। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। নির্ধারিত সময়ের পর প্রার্থী তার User ID & Passward ব্যবহার করে ছবি, রোল নম্বর, পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে। স্বাক্ষরিত/- (মোঃ সাজ্জাদ হোসেন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

সূত্রঃ ১৭/০৫/২০২২ সমকাল পৃষ্ঠা-১১ ও ১৫

সিলেট জেলা প্রশাসক

পদ সংখ্যা ১১ জন

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.২২.১৬৯ তারিখ-১০/০৫/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ইউনিয়ন পরিষদ সচিব ১০২০০-২৪৬৮০/-	১১ জন	দ্বিতীয় বিভাগ/সমমানের সিজিপিএ সহ স্নাতক বা সমমানের ডিগ্রী

প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি সিলেট জেলার ওয়েব সাইট (www.sylhet.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত ছায়ালিপি এবং সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি কম্পিউটারে টাইপ করে পূরণ করতে হবে এবং A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। কম্পিউটারে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি শুধুমাত্র স্বাক্ষর করতে হবে এবং একটি ছবি আবেদনের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে। প্রার্থীর বয়স ২০ জুন ২০২২ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা-এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল, স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে যে কোনো তফসীলি ব্যাংক হতে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে নিজ নাম ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) সংবলিত ১০/- টাকা মূল্যমানের ডাক টিকেট ৯ ইঞ্চি X৪ ইঞ্চি সাইজের খাম সংযুক্ত করতে হবে। আবেদনপত্র জেলা প্রশাসক, সিলেট বরাবর আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছাতে হবে। স্বাক্ষরিত/- মোঃ মজিবর রহমান, জেলা প্রশাসক, সিলেট। ফোন : ০৮২১-৭১৬১০০। ই-মেইলঃ desylhet@mopa.gov.bd

সূত্রঃ ১৭/০৫/২০২২ ইত্তেফাক পৃষ্ঠা-০৪

যমুনা গ্রুপে-চাকরী

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
বিভাগের নামঃ ইলেক্ট্রনিক্স পদের নামঃ প্লাজা ম্যানেজার/অ্যাসিস্ট্যান্ট প্লাজা ম্যানেজার	৫০ জন	বিবিএ। অভিজ্ঞতাঃ ০৫ বছর। বয়সঃ সর্বনিম্ন ২৮ বছর।

চাকরির ধরনঃ ফুল টাইম। প্রার্থীর ধরনঃ নারী-পুরুষ। কর্মস্থলঃ যে কোনো স্থান। আবেদনের ঠিকানাঃ আগ্রহীরা jobs.bdjobs.com এর মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনের শেষ সময়ঃ ২২ মে ২০২২।

সূত্রঃ বিডিজবস ডটকম

রান ডেভেলপমেন্ট স্পেশাল টিচার্স ট্রেনিং কলেজ

পদ সংখ্যা ২০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অধ্যক্ষ	০১ জন	স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির/সমমানের সিজিপিএ স্নাতকোত্তর ডিগ্রি/সমমান। কলেজের উপাধ্যক্ষ/সহকারী অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং ০১ বছর মেয়াদি এম.এস.এড/ বি.এস.এড প্রশিক্ষণ প্রাপ্ত।
